# ফায়ারফক্সে বিশেষজ্ঞের মতো ব্রাউজ করা

সিয়াম মোয়াজ্জেম

সারা বিশ্বে জনপ্রিয় ওয়েব ব্রাউজারগুলোর মধ্যে অন্যতম একটি ফায়ারফক্স। একটি সংক্ষিপ্ত ক্রমভঙ্গের পর সম্প্রতি ফায়ারফক্স ৩১ অবমুক্ত হয়, যা পিসিম্যাগের (জগৎখ্যাত আইসিটিসংশ্লিষ্ট পত্রিকা) এডিটরস চয়েজে সেরা ব্রাউজার হিসেবে পুরস্কৃত হয়।

সেরা ব্রাউজার বেছে নেয়াটা যেমন জটিল, তেমনই খুব গুরুত্বপূর্ণ বিষয়। সেরা ব্রাউজার বেছে নেয়ার ক্ষেত্রে প্রথম বিবেচ্য বিষয় হলো সিকিউরিটি। কেননা, কেউ চান না তাদের সংগ্রহ করা গুরুত্বপূর্ণ ডিজিটাল তথ্য অন্য কারও কাছে আপসপ্রবণ হয়ে থাকবে। বিশেষজ্ঞদের অভিমত, কোনো ব্যবহারকারীরই উচিত হবে না কোনো একক কর্পোরেশনের ইকোসিস্টেমের ওপর নির্ভরশীল হয়ে থাকা। দ্বিতীয়ত, গত বিশ বছর ধরে ব্রাউজার আমাদের ইন্টারনেট জীবনের প্রাণ হিসেবে বিবেচিত হয়ে আসছে। বর্তমানে এগুলো আমাদের বাস্তব জীবনের কেন্দ্রে রয়েছে। যেহেতু টেকনোলজি অভ্যাহতভাবে ক্লাউডে বাষ্পীভূত হচ্ছে, তাই ওয়েব নিছকই রূপান্তরিত হয়েছে একগুচ্ছ যৌথ ওএসের ওয়েবসাইটের ভাণ্ডারে এবং আপনার ব্রাউজার হলো এই রাজ্যের মূল চাবি।



সব ব্রাউজারই নির্দিষ্ট কিছু ফাংশনালিটি শেয়ার করে এবং অবশ্যই একে অপরের কাছ থেকে শিক্ষা নিয়ে থাকে। এ লেখায় কিছু অদ্ভুত অভ্যাস এবং ফাংশনালিটি তুলে ধরা হয়েছে, যেগুলো প্রত্যেকের জন্য ইউনিক। ফায়ারফক্স এ ক্ষেত্রে ভিন্ন নয়। আপনি থার্ডপার্টি এক্সটেনশন এবং অ্যাড-অনসের সাথে সুপরিচিত হতে পারেন, যা ফায়ারফক্সের সম্প্রসারক হতে পারে। তবে যাই হোক, বর্তমানে অনেক ছোটখাটো কৌশল বা ট্রিকস ইতোমধ্যেই সফটওয়্যারে বেইক বা মিশ্রণ করা হয়েছে, যা হয়তো ব্যবহার হচ্ছে না। এ লেখায় ব্যবহারকারীদের উদ্দেশে ফায়ারফক্সের ফাংশনের কিছু গোপন কৌশল তুলে ধরা হয়েছে, যা আমাদের ব্রাউজিং অভিজ্ঞতাকে আরও সম্প্রসারিত করবে।

## কীবোর্ড দিয়ে ভালোভাবে সার্চ করা

যদি নিজেই বুঝতে পারেন যে আপনি বারবার একই সাইট দিয়ে সার্চ করে যাচ্ছেন, সে ক্ষেত্রে ব্যবহার করতে পারেন সার্চ কীওয়ার্ড। উদাহরণ, যদি আপনি উইকিপিডিয়ায় উৎসুক হন, তাহলে মূল অ্যাড্রেস বার থেকে সরাসরি সার্চ কী ওয়ার্ড ব্যবহার করতে পারেন, যাতে ইন্ট্রা-উইকি সার্চে সরাসরি অ্যাক্সেস করতে পারেন।

সার্চ কী ওয়ার্ড তৈরি করতে আপনি সার্চ বক্সের একটি সাইটে ডান ক্লিক করুন, যা যুক্ত করতে চান। এই অ্যাকশন প্রম্পট করবে একটি পুল-ডাউন মেনু, যেখান থেকে 'Add a keyword for this search' অপশন বেছে নিতে পারবেন। এর ফলে প্রম্পট করবে একটি পপআপ বুকমার্ক উইন্ডো, যা যুক্ত করে একটি 'Keyword' ফিল্ড, যেখানে সার্চের জন্য নিক নেম তৈরি করতে পারবেন। যেমন– IMDB.COM, যা IMDB হিসেবে দেখা যাবে।

কী ওয়ার্ড যুক্ত করার পর আপনি ওই কীওয়ার্ড অ্যাড্রেস বারে টাইপ করে অ্যাক্সেস করতে পারবেন। যেমন, সার্চ বারে Wikipedia Charles Darwin টাইপ করলে আপনাকে সরাসরি নিয়ে যাবে Derwin উইকি পেজে।

## সার্চ রিফাইন করা

আপনার বুকমার্ক ও ব্রাউজিং হিস্ট্রির ওপর ভিত্তি করে ফায়ারফক্স তথ্য অনুসন্ধানে অর্থাৎ সার্চে সহায়তা করবে অটো-ফিলিং সাজেশনের মাধ্যমে। এটি বেশ সহায়তা করতে পারে, বিশেষ করে যদি আপনার প্রচুর বুকমার্ক ও বিপুলায়তনের ব্রাউজিং হিস্ট্রি থাকে। সৌভাগ্যবশত আপনি এই সার্চ রিফাইন করতে পারবেন নিম্নলিখিত মডিফায়ার ব্যবহার করে। এ ক্ষেত্রে মডিফায়ারের মাঝে স্পেস ব্যবহার করতে যেনো ভুল না হয়, সে ব্যাপারে খেয়াল রাখতে হবে।

^ ব্রাউজিং হিস্ট্রিতে ম্যাচ করার জন্য।

* বুকমার্কে ম্যাচ করার জন্য।

+ আপনার ট্যাপ করা পেজের সাথে ম্যাচ করার জন্য।

% বর্তমানে আপনার ওপেন করা ট্যাবের সাথে ম্যাচ করার জন্য।

~ পেজে আপনি যা টাইপ করেছেন তার সাথে ম্যাচ করার জন্য।

# পেজ টাইটেলের সাথে ম্যাচ করার জন্য।

@ ওয়েব অ্যাড্রেস তথা ইউআরএলের সাথে ম্যাচ করার জন্য।

উদাহরণস্বরূপ, আপনি পিসি সম্পর্কে অনলাইন ম্যাগাজিনে খোঁজ করতে চাচ্ছেন, যা আপনার বুকমার্কে কোথাও সেভ করা আছে। এটি খুব সহজে খুঁজে পেতে পারেন অ্যাড্রেস বারে PCMaG* টাইপ করে। এটি পরে সার্চ বারের নিচে অটো-ফিল পুল ডাউন সেকশনে আবির্ভূত হবে অন্যসব পিসিম্যাগ আর্টিকেল ছাড়া, যা হয়তো আপনার ব্রাউজিং হিস্ট্রিতে বিদ্যমান থাকতে পারে। এমনকি আপনি এই সার্চ রিফাইনার ব্যবহার করতে পারেন একে অপরের সাথে মিলিত করে। সিম্বলগুলোর মাঝে স্পেস অবশ্যই ব্যবহার করতে হবে, ভুল করলে হবে না।

## ফায়ারফক্স হেলথ রিপোর্ট

ফায়ারফক্স হেলথ রিপোর্ট ফিচার আপনার ব্রাউজার পারফরম্যান্স ও স্ট্যাবিলিটির তথ্য দেবে। মজিলা ফায়ারফক্স এই ডাটা ব্যবহার করে ব্যবহারকারীকে অর্থপূর্ণ পার্থক্য ও টিপ দেয়ার জন্য। বাইডিফল্ট এই ফাংশন অন থাকে। তবে আপনি যদি না চান মজিলা আপনার ওপর নজরদারি করবে, তাহলে সহজেই তা ডিজ্যাবল করতে পারেন Options (Mac: Preferences)→Advanced→Data Choices (ট্যাব)-এর মাধ্যমে।

ফায়ারফক্স নির্ভুল ও বিস্তারিত তথ্য ব্যবহার করে আপনার ব্রাউজ করা ডাটার পার্সোনালাইজ এবং বৈধ রিপোর্ট রেন্ডার করার জন্য। যেমন– ব্রাউজারে কত সময় ব্যয় করেছেন, এটি কতবার ক্র্যাশ করেছে এবং এমনকি এটি ওপেন হতে কত সময় নিয়েছে ইত্যাদি। এগুলোতে অ্যাক্সেস করার জন্য হেলথ রিপোর্ট ফিচার দরকার। এজন্য Help→Firefox Health Report-এ অ্যাক্সেস করুন।

## কীবোর্ড শর্টকাট

কাজের গতি বাড়াতে দরকার কীবোর্ড শর্টকাট। তাই সবার উচিত কীবোর্ড শর্টকাট রপ্ত করা। মজিলা সমন্বিত করেছে কিছু ফায়ারফক্স কী কমান্ড। এ লেখায় কিছু চমৎকার কী কমান্ড তুলে ধরা হয়েছে, যা ব্রাউজিং অভিজ্ঞতাকে আরও সহজতর করে উপস্থাপন করবে। ম্যাক ব্যবহারকারীরা রিপ্লেস করবে সব special keys কমান্ড কী দিয়ে।

Alt+ বাম বা ডান অ্যারো কী`পেছনে/সামনে যাওয়া।

F5 বা Ctrl + R→পেজ রিলোড হবে।

Ctrl + F5 বা Ctrl + Shift + R→পেজ রিলোড হবে (ক্যাশ ওভাররিড হবে)।

Ctrl + [+/-]→জুম ইন/আউট হবে।

Ctrl + 0→জুম রিসেট হবে।

Ctrl + N→নতুন উইন্ডো ওপেন হবে।

Ctrl + Shift + P→নতুন প্রাইভেট উইন্ডো ওপেন হবে।

Ctrl + Shift + T/N→ক্লোজ ট্যাব/উইন্ডো আন্ডু করা।

## নিজস্ব শর্টকাট ডিজাইন করা

ফায়ারফক্সের শর্টকাট রপ্ত করতে ব্যবহারকারীর কিছু সময় লাগতে পারে। ব্যবহারকারীরা মজিলার আশীর্বাদপুষ্ট কাস্টোমাইজযোগ্য শর্টকাট এক্সটেনশন ব্যবহার করতে পারেন (ম্যাক ও উইন্ডোজ উভয়)। এজন্য অপশনে গিয়ে নতুন শর্টকাট ট্যাব খুঁজে বের করুন।

## জুম ইন/আউট

পূর্বোল্লিখিত কীবোর্ড শর্টকাট ব্যবহার করে একটি পেজের জুম ইন বা আউট [Ctrl + [+/-] করা যায়। এ কাজটি আপনি মাউস ব্যবহার করে সম্পন্ন করতে পারেন। এজন্য Ctrl কী চেপে ক্লিক হুইল ইন বা আউট মুভ করুন (ম্যাকে : কমান্ড কী)। বিকল্পভাবে আপনি জুম করতে পারেন ভিউ মেনুর মাধ্যমে অথবা ব্রাউজারে উপরে ডান প্রান্তে থ্রিলাইন মেনু বাটনের মাধ্যমে। আপনি টেক্সট ▶

সাইজ বাড়াতে পারবেন, যেখানে ইমেজ থাকবে স্ট্যাবল। এজন্য View→Zoom-এ যেতে হবে এবং Zoom Text Only চেক করতে হবে। এবার যখন জুম ইন ও আউট করবেন, তখন শুধু ফন্ট সাইজ বাড়বে বা কমবে। যদি আপনি দীর্ঘতর ফন্ট সাইজকে ডিফল্ট হিসেবে পেতে চান, তাহলে উইন্ডোজ Options→Content [tab] আর ম্যাকে Preferences-এ গিয়ে Content [tab]-এ যান এবং এরপর অ্যাডভান্সড বাটনে ক্লিক করে Fonts & colors সেকশনে ক্লিক করুন। এখানে আপনি পাবেন Minimum font size পুল ডাউন মেনু। এবার এটি সিলেক্ট করে সেভে ক্লিক করুন।

## মিডিয়া শর্টকাট জেনে নেয়া

মিডিয়া প্লেব্যাক নিয়ন্ত্রণ করার জন্য ফায়ারফক্সে কীবোর্ড কোড আছে এবং মজিলা একটি লিস্ট সমন্বিত করেছে, তবে সব সময় ফাংশনাল নয়। যদি আপনি বিশেষ কোনো মিডিয়াতে নেভিগেট করতে চান, তাহলে সচরাচর আপনাকে ভিডিও বা সাউন্ড ফাইলে ফোকাস করতে হয় সরাসরি এতে ক্লিক করে। এই কমান্ড সব সময় কাজ করার জন্য আবির্ভূত হয় না। এগুলো ইউটিউব ক্লিপে কাজ করে না, তবে সাউন্ড ক্লাউডটিউবে কাজ করে, যা এইচটিএমএল৫ টেকনোলজি ব্যবহার করে। তবে নিচের কয়েকটি ভালো কাজ করে :

Spacebar : মিউজিক প্লে/পজ করে।

Up/down arrow : মিউজিকের ভলিউম বাড়ানো/কমানো।

←/→ : সামনে বা পেছনে অনুসন্ধান করে।

Home : আরম্ভ করা।

End : শেষ করা।

শেষের কয়েকটির কম্প্যাটিবল ফাংশন ম্যাকে অনুপস্থিত।

## অটো কমপ্লিট

নতুন নতুন ওয়েব ডোমেইন আবির্ভূত হওয়ার কারণে নিচে উল্লিখিত টিপটি বর্তমানে খুব একটা ব্যবহার হয় না। একটি ইউআরএলের প্রিফিক্স বা সাফিক্স সম্পূর্ণ টাইপ না করে অটোফিল করতে পারে ফায়ারফক্স। ধরুন, আপনি অ্যাড্রেস বারে শুধু wordpress টাইপ করে Ctrl + Enter আর ম্যাকে Command + Enter চাপলেন। এর ফলে ফায়ারফক্স স্বয়ংক্রিয়ভাবে www ও .com পূর্ণ করবে এবং আপনার সামনে নিয়ে আসবে wordpress.com। যাই হোক, wordpress.com-এর পরিবর্তে যদি wordpress.org টাইপ করে এন্টার চাপতে হয় অর্থাৎ wordpress.org বা যেকোনো dot-org-এর ক্ষেত্রে সময় বাঁচাতে চাইলে আপনাকে wordpress টাইপ করে Control + Shift + Enter আর ম্যাকের ক্ষেত্রে Command + Shift + Enter চাপতে হবে। যেকোনো ডটনেট সাইটের জন্য আপনাকে ইউআরএল টাইপ করে Shift + Enter চাপতে হবে।

## মাউসবিহীন স্ক্রল

ওয়েব ব্রাউজিংয়ের ক্ষেত্রে মাউস যে অপরিহার্য তা বলা যাবে না, বিশেষ করে স্ক্রলিংয়ের ক্ষেত্রে। আপনি এক পেজ স্ক্রল ডাউন করতে পারবেন স্পেসবার চেপে এবং স্ক্রল ব্যাকআপ করতে পারবেন শিফট চেপে স্পেসবার চাপার মাধ্যমে।

## ট্যাবজুড়ে জাম্প করা

অনেকেই একাধিক ট্যাব ওপেন করে কাজ করতে পছন্দ করেন। যদি আপনি অনেকগুলো ট্যাব ওপেন করে কাজ করে থাকেন, তাহলে খুব সহজেই কীবোর্ড শর্টকাট ব্যবহার করে টোগাল করতে পারবেন।

Ctrl + Page Down→চাপলে ডান দিকের পরবর্তী ট্যাবে ফোকাস হবে।

Ctrl + Page up→চাপলে বাম দিকের পরবর্তী ট্যাবে ফোকাস হবে। ম্যাকের ক্ষেত্রে ট্যাবের মাঝে টোগাল করতে পারবেন Command + Option + [left/right] অ্যারো কী চেপে।

Ctrl + 1 থেকে 9 পর্যন্ত সংখ্যা→ম্যাল্টিপল ট্যাবের মাঝে জাম্প করার জন্য ১ থেকে ৯ পর্যন্ত সংখ্যা চাপুন। যেখানে ১ চাপার কারণে উপস্থাপন করে সর্ববামের ট্যাব। পরবর্তী প্রতিটি নাম্বার উপস্থাপন করে তার পরবর্তী ট্যাব কজ

*ফিডব্যাক : siam.moazzem@gmail.com*